

২০২৬ সালে বিশ্বের সেরা ২০ ভ্রমণ গন্তব্য

- A Monitor Desk Report

Date: 21 December, 2025



ঢাকা : ২০২৬ সালে কোথায় ঘুরতে যাবেন, ভ্রমণ বিশ্বের আগ্রহ এখন সেই প্রশ্নটিতেই। আর এ বিষয়ে ভ্রমণ প্রেমীদের জন্য নতুন দিশা দেখিয়েছে সংবাদমাধ্যম। তারা ইতিহাস, প্রকৃতি, সংস্কৃতি, ঐতিহ্য ও পর্যটন অবকাঠামোর মূল্যায়ন করে প্রকাশ করেছে “২০২৬ সালের ২০টি সেরা ভ্রমণ গন্তব্যের তালিকা”।

তালিকায় আছে রোমান সভ্যতার ধনভান্ডার আলজেরিয়া, সাংস্কৃতিক বিস্ময়ের শহর আবুধাবি, স্বপ্নের কমোডো দ্বীপ, ভুতুড়ে সৌন্দর্যের স্কটিশ হেব্রাইডস, প্রশান্ত মহাসাগরের কুক আইল্যান্ড, যুক্তরাষ্ট্রের ওরেগন কোস্টসহ বিশ্বের নানা স্থান।

২০২৬ সালে পর্যটন অবকাঠামো, সংস্কৃতির বিস্তার, পরিবেশ সংরক্ষণ এবং স্থানীয় অর্থনীতির উন্নয়ন। এই চার মানদণ্ডে বিবিসি নির্বাচন করেছেন গন্তব্যগুলো।

আবুধাবি

সংস্কৃতি ও আধুনিকতার বিস্ময় আবুধাবিতে ২০২৬ সালে খুলছে একাধিক নতুন জাদুঘর। রয়েছে টিমল্যাব ডিজিটাল আর্ট মিউজিয়াম, জায়েদ ন্যাশনাল মিউজিয়াম এবং নতুন থিম পার্ক উন্নয়ন, যোগুলো শহরটিকে ২০২৬ সালের শীর্ষ ভ্রমণ কেন্দ্র করে তুলবে।

আলজেরিয়া

আলজেরিয়ায় আছে রোমান সাম্রাজ্যের নিদর্শন, সোনালি মরুভূমি, সমুদ্রতীর এবং ইউনেস্কো সাইটগুলো পর্যটনের জন্য নতুন সোনালী অধ্যায় খুলছে। দেশের ভিসা ব্যবস্থা সহজ হওয়ায় আন্তর্জাতিক ভ্রমণকারী বাড়বে বলে মনে করা হচ্ছে।

চিলির কোলচাগুয়া ভ্যালি

ঢিলির ওয়াইন উপত্যকা ২০২৬ সালে হয়ে উঠছে খাবার, প্রাকৃতিক সৌন্দর্য এবং তারা দেখার নতুন কেন্দ্র। পর্যটন খাতের জন্য বিশেষ বছর হতে যাচ্ছে এই ভ্রমণ স্পটটি।

কমোডো দ্বীপ, ইন্দোনেশিয়া

অসাধারণ বন্যপ্রাণী সংরক্ষণ প্রকল্পে ২০২৬ সালে কমোডোতে ভ্রমণের অভিজ্ঞতা আরও গভীর হবে। কমোডো ডাগন, প্রবাল সাগর এবং দ্বীপ জীবনের টানে প্রতি বছর হাজারো পর্যটক ভিড় জমায়।

স্কটল্যান্ডের হেরাইডস অঞ্চল

স্কটল্যান্ডের হেরাইডস দ্বীপপুঞ্জ ২০২৬ সালে সাংস্কৃতিক কেন্দ্র, ঐতিহাসিক পাথর বৃত্ত, সমুদ্র সৈকত ও হাইস্কি সংস্কৃতির উন্নয়ন ভ্রমণপ্রেমীদের দৃষ্টি কেড়েছে।

তালিকায় রয়েছে আরও নাম

জাপানের ইশিকাওয়া, মেক্সিকোর লরেতো, পর্তুগালের গিমারায়েস, মন্টেনেগ্রো, যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়া, ফিনল্যান্ডের ওউলু এবং মধ্য আমেরিকার কোস্টারিকা।

-B